গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পঞ্চগড়
শিক্ষা ও কল্যাণ শাখা
www.panchagarh.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৭৭০০.০১৬.৩৯.০০১.২৩.৮২

তারিখ: ২২ ফাল্গুন ১৪৩০ / ০৬ মার্চ ২০২৪

ছাত্র/ছাত্রী শিক্ষাবৃত্তি বিজ্ঞপ্তি :

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পঞ্চগড় শিক্ষা ও সংস্কৃতি ট্রাস্ট হতে ২০২৪ শিক্ষা বছরে পঞ্চগড় জেলার স্থায়ী বাসিন্দা মেধাবি ছাত্র/ছাত্রীদের মাঝে এককালীন শিক্ষাবৃত্তি প্রদানের লক্ষ্যে আগ্রহী ছাত্র/ছাত্রীদের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে;

শর্তাবলী

০১। আগামী ১৬/০৪/২০২৪ তারিখের মধ্যে জেলা প্রশাসক, পঞ্চগড় বরাবর স্ব-হস্তে পূরণকৃত ফরম অফিস চলাকালীন নিজ নিজ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় অথবা জেলা প্রশাসকের কার্যালয়, পঞ্চগড়-এ জমা দিতে হবে;

০২। কেবল এসএসসি/সমমান উত্তীর্ণ, এইচএসসি/সমমান উত্তীর্ণ, জাতীয় বিশ্ববিদ্যালয়/পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি মেডিকেল কলেজে অনার্স/সমমান অধ্যয়নরত ও অনার্স/সমমান উত্তীর্ণ এবং কোরআনে হাফিজ ও দাওরায়ে হাদীস (তাকমিল) সনদ প্রাপ্তগণ আবেদন করতে পারবে;

০৩। এসএসসি/সমমান উত্তীর্ণদের জিপিএ ৫.০০, এইচএসসি/সমমান উত্তীর্ণদের যে কোন একটি পরীক্ষায় (এসএসসি/এইচএসসি/সমমান) জিপিএ ৫.০০, জাতীয় বিশ্ববিদ্যালয়/পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি মেডিকেল কলেজে অনার্স/সমমান অধ্যয়নরতদের যে কোন একটি পরীক্ষায় (এসএসসি/এইচএসসি/সমমান) জিপিএ ৫.০০ ও অনার্স/সমমান উত্তীর্ণদের অনার্স/সমমান পর্যায়ে সিজিপিএ ৩.০০ পেতে হবে এবং কোরআনে হাফিজ ও দাওরায়ে হাদীস (তাকমিল) সনদ-প্রাপ্তদের ১ম/২য় বিভাগে উত্তীর্ণ হতে হবে;

০৪। আবেদনপত্রের সাথে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌর মেয়র কর্তৃক স্বাক্ষরিত অভিভাবকের বার্ষিক আয়ের প্রত্যয়ন পত্র সংযুক্ত থাকতে হবে;

০৫। আবেদনপত্রের সাথে আবেদনকারীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি ছবি, সকল পরীক্ষার সার্টিফিকেট এবং মার্কসিটের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করতে হবে;

০৬। আবেদনপত্রে অবশ্যই আবেদনকারী ও তার অভিভাবক-এর মোবাইল নম্বর থাকতে হবে;

০৭। আবেদন ফরম প্রতিদিন অফিস চলাকালীন বিনামূল্যে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে সরাসরি এবং জেলা প্রশাসকের কার্যালয়, পঞ্চগড়-এর ওয়েবসাইটে www.panchagarh.gov.bd হতে ডাউনলোডের মাধ্যমে সংগ্রহ করা যাবে;

০৮। ইতোমধ্যে এ ট্রাস্টের অধীনে বৃত্তি প্রাপ্তদের পুনরায় আবেদন বাতিল বলে গণ্য হবে;

০৯। আবেদন ফরমে তথ্য ভুল প্রমাণিত হলে, স্বাক্ষর/লেখার গরমিল পরিলক্ষিত হলে আবেদন বাতিল বলে গণ্য হবে;

১০। প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই করতঃ স্বল্প সংখ্যক নির্বাচিত আবেদনকারীকে এককালীন বৃত্তি প্রদান করা হবে; এবং

১১। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ যে কোন শর্ত সংযোজন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৬/০৩/২০২৪

মোঃ রিয়াজ উদ্দিন
জেলা প্রশাসক (ভারপ্রাপ্ত)
পঞ্চগড়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পঞ্চগড়
শিক্ষা ও কল্যাণ শাখা

পঞ্চগড় শিক্ষা ও সংস্কৃতি ট্রাস্ট হতে অনুদান প্রাপ্তি ফরম

বরাবর
জেলা প্রশাসক, পঞ্চগড়
ও
সভাপতি
পঞ্চগড় শিক্ষা ও সংস্কৃতি ট্রাস্ট, পঞ্চগড়

০১। আবেদনকারী ছাত্র/ছাত্রীর নাম :.....
০২। পিতার নাম ও পেশা :.....
০৩। মাতার নাম ও পেশা :.....
০৪। পরিবারের সদস্য সংখ্যা :.....
০৫। পরিবারের বাৎসরিক আয় :.....
০৬। স্থায়ী ঠিকানা : গ্রাম: .....
ডাকঘর : .....
উপজেলা : .....জেলা: পঞ্চগড়
০৭। বর্তমান ঠিকানা : গ্রাম: .....
ডাকঘর : .....
উপজেলা :.....জেলা: পঞ্চগড়
০৮। অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা : .....
.....
০৯। বিভাগের নাম/শ্রেণি ও রোল নম্বর :.....
১০। আবেদনকারী ছাত্র/ছাত্রীর বিগত পরীক্ষার তথ্য :

ক্রমিক	পরীক্ষার নাম	বিভাগ/বিষয়	পাশের সন	জিপিএ/সিজিপিএ/বিভাগ	প্রতিষ্ঠানের নাম
০১.	এসএসসি/সমমান				
০২.	এইচএসসি/সমমান				
০৩.	ডিগ্রী/সম্মান/তদূর্ধ্ব				
০৪.	হাফিজ/দাওরায়ে হাদিস				

১১। এনআইডি অথবা জন্ম সনদ নম্বর :

আবেদনকারী ছাত্র/ছাত্রীর স্বাক্ষর
তারিখ :
মোবাইল:
অভিভাবকের মোবাইল: